# উদ্ভাবনী সংকলন

ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) – এর কার্যালয়

বিসিসি ভবন, ই-১৪/এক্স, স্ট্যাটিস্টিক রোড,

ঢাকা – ১২০৭

CCA

“ডিজিটাল স্বাক্ষর ব্যবহার করুন,
সাইবার জগতে নিরাপদ থাকুন”

জনাব আবু সাঈদ চৌধুরী
নিয়ন্ত্রক (যুগ্ম সচিব)

ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) – এর কার্যালয়



## ইনোভেশন টিম (সিসিএ)

| ক্রমিক | নাম ও পদবী | পদবী | ছবি |
|---|---|---|---|
| ১। | হাসিনা বেগম<br>উপ-নিয়ন্ত্রক (আইসিটি) | চিফ ইনোভেশন অফিসার |  |
| ২। | তানজিলা মেহেনাজ<br>সহকারী নিয়ন্ত্রক (আইন) | সদস্য |  |
| ৩। | খালেদ হোসেন চৌধুরী<br>আইন কর্মকর্তা (আইন) | সদস্য |  |
| ৪। | কাজী শোয়েব মোহাম্মদ<br>সহকারী প্রোগ্রামার (ডাটাবেজ ও ওয়েব এডমিনিস্ট্রেশন) | সদস্য |  |
| ৫। | মোঃ হাসান মুনছুর<br>সহকারী প্রকৌশলী | সদস্য সচিব |  |

## পটভূমি

২০১১ সালের মে মাসে ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) – এর কার্যালয় গঠিত হয়। সংস্থার প্রধান হিসাবে নিয়ন্ত্রক (যুগ্ম সচিব) ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের কার্যাবলী তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ এবং তাদের মধ্যে বিরোধ নিষ্পত্তিতে অগ্রণী ভূমিকা পালন করেন। এ পর্যন্ত মোট ছয়টি প্রতিষ্ঠানকে সিএ (সার্টিফাইং অথরিটি) লাইসেন্স প্রদান করা হয়েছে।

## রূপকল্প (Vision)

নিরাপদ তথ্য প্রযুক্তির বিকাশ

## অভিলক্ষ্য (Mission)

ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট প্রবর্তনের মাধ্যমে নিরাপদ তথ্য আদান প্রদান নিশ্চিতকরণ এবং সাইবার অপরাধ দূরীকরণে জাতীয় ও আঞ্চলিক যৌথ উদ্যোগ প্রতিষ্ঠা

## কার্যক্রমসমূহ

- সার্টিফাইং অথরিটি (সিএ) এর নিয়ন্ত্রণমূলক কার্যাবলী।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ এবং তথ্য প্রযুক্তি (সিএ) বিধিমালা ২০১০ অনুসারে সিএ লাইসেন্স ইস্যু, বাতিল এবং স্থগিতকরণ।
- Public Key Infrastructure (PKI) কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
- PKI এর জন্যে বিধি বিধান, অনুসৃতব্য কর্মপন্থা (Guide line) প্রণয়ন ও মান নিয়ন্ত্রণ।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ অনুসারে সাইবার অপরাধ তদন্ত পূর্বক সাইবার ট্রাইব্যুনালে উপস্থাপন।
- আইটি অডিটের জন্য অডিট ফার্ম নির্ধারণ।
- তথ্য প্রযুক্তি (সিএ) বিধিমালা ২০১০ অনুসারে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট এর মূল্য নির্ধারণ ।

# <u>ইনোভেশনে সিসিএ</u>

- অনলাইনে ছুটি ব্যবস্থাপনা
    - অনলাইনে ছুটির আবেদন প্রেরণের একটি ওয়েব এপ। যার মাধ্যমে পূর্বের সকল ছুটি, অর্জিত ছুটি ইত্যাদির হিসাব সংরক্ষণ করা যায়

- প্রশিক্ষণ ক্যালেন্ডার অটোমেশন
    - কর্মকর্তাগণ এই এপের মাধ্যমে প্রশিক্ষণের চাহিদা প্রেরণ করতে পারেন যা অনলাইনেই অনুমোদন করা হয়। এই এপে পূর্বের সকল প্রশিক্ষণের হিসাব সংরক্ষণ করা হয়।

- সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন অটোমেশন
    - সিএ প্রতিষ্ঠান সমূহ এই ওয়েব এপের মাধ্যমে লাইসেন্সের মেয়াদ শেষে নবায়নের জন্য অনলাইনে আবেদন করতে পারেন।

- কন্যা কথা
    - কিশোরী শিক্ষার্থীদের সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতন করে তোলার একটি ওয়েবসাইট যাতে নিয়মিতভাবে বিভিন্ন প্রশিক্ষণের ভিডিও, সাইবার স্পেসের বিভিন্ন সমস্যা সংক্রান্ত প্রশ্নোত্তর আপলোড করা হয়।

## সিএ লাইসেন্স নবায়ন প্রক্রিয়া

◇ সিএ প্রতিষ্ঠানসমূহের লাইসেন্সের মেয়াদ পাঁচ বছর। তথ্য প্রযুক্তি (সিএ) বিধিমালা, ২০১০ মোতাবেক লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ৬০ দিন আগে লাইসেন্স নবায়নের আবেদন করতে হয়।

◇ মোট ছয় ধাপে আবেদন যাচাই বাছাই করা হয়। প্রতি ধাপে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের পর পরবর্তী ধাপের কার্যক্রম গ্রহণ করা হয়।

## সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন অটোমেশনে গৃহীত কার্যক্রম

◇ সিসিএ কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের কাছ থেকে সংগৃহীত বিভিন্ন আইডিয়া থেকে ‘‘সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন অটোমেশন’’ এর ধারণাটিকে সেবা সহজীকরণ কার্যক্রম হিসেবে মনোনীত করা হয়।

◇ ইনোভেশন টিম এই সফটওয়্যার প্রস্তুতের জন্য একটি ফ্লো ডায়াগ্রাম অঙ্কন এবং স্পেসিফিকেশন চাহিদা নিরুপণ করে। পরবর্তীতে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় কমিটি প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করে।

◇ দরপত্র আবেদনের মাধ্যমে ভেন্ডর নিয়োগ করে সফটওয়্যার প্রস্তুত সম্পন্ন করা হয়।

◇ সফটওয়্যারের ফাংশনালিটি পরীক্ষা করা হয়।

◇ বর্তমানে ছয়টি সিএ প্রতিষ্ঠান সফটওয়্যারটির পাইলটিং এর কাজ করছে।

## সেবা সহজীকরণে ভূমিকা

◇ আবেদন ও নবায়ন প্রক্রিয়া অনলাইন ভিত্তিক বলে ব্যয়সাশ্রয়ী

◇ ডেটাবেজে তথ্য সংরক্ষণের ফলে তথ্য যাচাই সহজ

◇ অর্থব্যয় হ্রাস

◇ আবেদন প্রক্রিয়া সহজতর

## সেবা সহজীকরণের পূর্বের ও পরের তুলনামূলক চিত্র

| | পূর্বে | পরে |
|---|---|---|
| আবেদন প্রক্রিয়া নিষ্পন্ন হতে মোট সময় | ৮/১০ কার্যদিবস | ৩ কার্যদিবস |
| সরাসরি উপস্থিতি | ২ বার | ০ বার |
| ব্যক্তিগত খরচ | ১০০০ টাকা | ০ টাকা |

<u>প্রত্যাশিত ফলাফল</u>


◇ লাইসেন্স নবায়ন প্রক্রিয়ায় সিএ প্রতিষ্ঠানসমূহের সময় ও অর্থ ব্যয় হ্রাস পাবে।


◇ লাইসেন্স নবায়ন সংক্রান্ত তথ্য এবং প্রতিবেদন ডাটাবেজে সংরক্ষণ করা সম্ভব হবে।

◇ সংরক্ষিত তথ্য পরবর্তীতে লাইসেন্স নবায়ন সহ অন্যান্য মূল্যায়নে সহায়ক হবে।


◇ সেবা সহজীকরণের ফলে গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে।


# স্ক্রিনশট


WELCOME
TO
CA LICENSE DISTRIBUTION AUTOMATION SYSTEM
Enter Email Address...
Password
Remember Me
Login
Forgot Password?
Create an Account!



Create an Account!
Personal information
Full Name
Designation
Fathers Name
Mothers Name
SELECT YOUR GENDER
Date of Birth
Nationality
Website
National Identity Number
Taxpayer Identification Number
Trade License Number
VAT Number
Please upload profile picture
Upload
Please upload signature image
Upload
SELECT YOUR ROLE
SELECT YOUR ORGANIZATION

## স্ক্রিনশট


CCA
Dashboard
ADMINISTRATION
Accessibility Setup
Workflow Setup
USER SECTION
User Information Setup
Email
License
LICENSE
New / Renew
Suspend / Cancel
Reports
Wasif Al Mahmud
ACTIVE LICENSES
10
AUDITING LICENSES
5
TASKS
50%
PENDING REQUESTS
18
Earnings Overview
Revenue Sources
Direct
Social
Referral


CCA
Dashboard
ADMINISTRATION
Accessibility Setup
Workflow Setup
USER SECTION
User Information Setup
Email
License
Reports
Wasif Al Mahmud
License Applications ( 6 )
Create
Show 10 entries
Search:
SL | Owner Name | Contact Address | Phone | Stage | App. Date | Options
1 | wasif al mahmud | SUSPENDED | 21-11-2020
2 | wasif al mahmud | CANCELLED | 21-11-2020
3 | wasif al mahmud | SUSPENDED | 22-11-2020
4 | wasif al mahmud | SUSPENDED | 22-11-2020
5 | wasif al mahmud | CANCELLED | 22-11-2020
6 | wasif al mahmud | CANCELLED | 22-11-2020
SL | Owner Name | Contact Address | Phone | Stage | App. Date | Options
Showing 1 to 6 of 6 entries
Previous
1
Next


## স্ক্রিনশট


নং
দলিল
অপশন
কোন দলিল দেওয়া হয় নাই
২২ | পরিশোধিত মূলধন
পরিশোধিত মূলধনএর দালিলিক প্রমান সংযুক্ত করুন
সংযোজন করুন
নং
দলিল
অপশন
কোন দলিল দেওয়া হয় নাই
২৩ | বীমা সংক্রান্ত তথ্য
বীমার বিবরণ
পলিসি নম্বর
বীমা কোম্পানির নাম
২৪ | ব্যবসায়িক অংশীদার/সদস্য/পরিচালকের পরিচয়
ব্যক্তির পরিচয়
(ক) পূর্ণ নাম
(খ) ঠিকানা
(গ) টেলিফোন নম্বর
মোবাইল নম্বর
ফ্যাক্স
(ঘ) জাতীয়তা
(ঙ) জাতীয় পরিচয়পত্রে নম্বর
(চ) করদাতা শনাক্তকরণ নম্বর
(ছ) ই-মেইল ঠিকানা

# কন্যা কথা

## ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) – এর কার্যালয় কর্তৃক গৃহীত উদ্ভাবনী কার্যক্রম

# “কন্যা কথা” ওয়েবসাইট



## কন্যা কথা - উদ্ভাবনী কার্যক্রম – কেন?

বর্তমানে সারা দেশের তৃণমূল পর্যায়ে পৌছে গেছে দ্রুতগতির ইন্টারনেট সেবা। এর ফলে একদিকে যেমন দেশের জনগণ উপকৃত হচ্ছে, অন্যদিকে সৃষ্টি হচ্ছে নতুন নতুন সমস্যা:

- দেশে আশঙ্কাজনকহারে বাড়ছে সাইবার অপরাধ যার অধিকাংশের শিকার কিশোরী বয়সের মেয়েরা
- যথাযথ প্রযুক্তিগত জ্ঞান ছাড়া সাইবার জগতের নানা ধরনের অপরাধ থেকে নিজেদের বাঁচিয়ে রাখা অসম্ভব
- কিশোরীদের সাইবার অপরাধ সম্পর্কে সচেতন করে গড়ে তোলাই এই প্লাটফর্মের মূল লক্ষ্য
- কিশোরীদের মধ্যে নেতৃত্ব প্রদানের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও শিশু অধিকার রক্ষায় এই প্লাটফর্ম অবদান রাখবে
- এছাড়াও SDG goal - 5 বাস্তবায়নে এটি সহায়ক হবে

## আমাদের নিয়মিত কার্যক্রম

স্কুল ছাত্রী এবং তাদের অভিভাবকদের নিরাপদ সাইবার স্পেস সম্পর্কে সচেতন করার জন্য জেলাভিত্তিক “ডিজিটাল নিরাপত্তায় মেয়েদের সচেতনতা” শীর্ষক সেমিনার / ওয়েবিনার আয়োজন এবং এর মুখপত্র হিসেবে ভূমিকা রাখছে “কন্যা কথা” ওয়েবসাইটটি।

**<u>পেছনের গল্প – “কন্যা কথা”</u>**

- সেমিনার / ওয়েবিনার আয়োজন
  - বিভিন্ন জেলার স্কুলগামী ছাত্রীদের সাইবার নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য আমরা নিয়মিত সেমিনার ও অনলাইনে ওয়েবিনার আয়োজন করি

- প্রশিক্ষণ পর্ব
  - প্রেজেন্টেশনের মাধ্যমে বিভিন্ন ধরনের সাইবার অপরাধ সম্পর্কে অংশগ্রহণকারীদের পরিচিত করা

- প্রশ্নোত্তর পর্ব
  - শিক্ষার্থী ও অভিভাবকদের সাইবার অপরাধ সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান প্রদান

- কুইজ প্রতিযোগিতা
  - অনলাইন কুইজ প্রতিযোগিতার মাধ্যমে অংশগ্রহণকারীরা সেমিনার/ ওয়েবিনার থেকে কতটা উপকৃত হয়েছে তা মূল্যায়ন করা

## অংশগ্রহণকারীদের অনুরোধ ও আগ্রহ

- প্রশিক্ষণের রেকর্ডিং
    - প্রশিক্ষণের বিষয়গুলো ভালভাবে অনুধাবন করার জন্য রেকর্ডিং শেয়ারের অনুরোধ

- যোগাযোগ
    - সাইবার অপরাধের শিকার হলে কোথায় যোগাযোগ করতে হবে সে সম্পর্কে দিকনির্দেশনা প্রদানের অনুরোধ

- প্রতিকার
    - সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে গিয়ে ছাত্রীরা সচরাচর যেসব সমস্যায় পড়ে তা থেকে সহজে প্রতিকার পাবার জন্য বাংলা ভাষায় সহজবোধ্য গাইডলাইন

- ই বুক
    - কিশোরী শিক্ষার্থীদের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ে একটি পূর্ণাঙ্গ ই-বুক

**জন্মকথা - "কন্যা কথা"**

অংশগ্রহণকারীদের অনুরোধের প্রেক্ষিতে "ডিজিটাল নিরাপত্তায় মেয়েদের সচতনতা" বিষয়ে একটি স্বয়ংসম্পূর্ণ ওয়েব প্লাটফর্ম তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়।

- যেখানে ছাত্রীদের জন্য সহজ ভাষায় অডিও ভিজ্যুয়াল কন্টেন্ট ওয়েবসাইটে আপলোড করা হয়
- সাইবার অপরাধ ও প্রতিকার সংক্রান্ত নানা সমস্যা ও তার সমাধানের উপায়সমূহ প্রশ্নোত্তর আকারে সাজানো হয়
- প্রশিক্ষণার্থীদের নিজেদের মূল্যায়নের জন্য ওয়েবসাইটে কুইজ প্রতিযোগিতা সন্নিবেশিত করা হয়েছে
- যে কেউ সাইবার অপরাধের শিকার হলে আইনি প্রতিকারের জন্য বিভিন্ন সরকারি দপ্তরের সাথে যোগাযোগের ঠিকানা, ফোন ও ইমেইল ওয়েবসাইটে সন্নিবেশিত করা হয়েছে
- প্রতিটি অনুষ্ঠানের প্রশ্নোত্তর নিয়মিতভাবে ওয়েবসাইটে আপলোড করা হয়
- প্রতি জেলার ছাত্রীদের মধ্য থেকে দুজন শিক্ষার্থীকে সাইবার এম্বাসেডর নিয়োগ করা হয়, যারা নিজ জেলার মেয়েদের সাইবার অপরাধ সংক্রান্ত বিষয়ে সিসিএ কার্যালয়ের সঙ্গে যোগাযোগের মাধ্যম হিসাবে কাজ করে
- এই ওয়েবসাইটটির হোস্টিং সিসিএ ওয়েবসাইট হতে করার ফলে কোন অর্থের প্রয়োজন হয় নি। একই সাথে ওয়েবসাইটের কন্টেন্ট প্রস্তুত এবং ডিজাইন একেবারেই সিসিএ কার্যালয়ের ইনোভেশন টিমের নিজস্ব ধারণা হতে উদ্ভুত। ফলে সময়ের সাশ্রয় হয়েছে।

## ভবিষ্যৎ পরিকল্পনা


- ওয়েবসাইটটির জন্য মোবাইল এপস ডেভেলপের মাধ্যমে আরো বেশি সংখ্যক শিক্ষার্থীকে এই কার্যক্রমে যুক্ত করা এবং ওয়েবসাইটটিকে আরো বেশি আধুনিক ও তথ্যবহুল করে প্রস্তুত করা
- এই ওয়েবসাইটটিকে সাইবার অপরাধ প্রতিরোধে মেয়েদের একটি প্লাটফর্ম হিসেবে গড়ে তোলা
- এই প্লাটফর্মটি বাংলাদেশের সকল কিশোরী কন্যার সাইবার নিরাপত্তা বিষয়ক মুখপত্র হিসেবে ভূমিকা রাখবে।

## কন্যা কথা - যে সুবিধা নিশ্চিত করেছে

- কিশোরী মেয়েরা সাইবার অপরাধ বিষয়ে আগের চেয়ে অনেক বেশি সচেতন হয়েছে। ফলে তাদের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে।
- সাইবার বিষয়ে তাদের জিজ্ঞাসাগুলো জানার একটি ক্ষেত্র তৈরী হয়েছে

- এম্বাসেডর হিসেবে কাজ করার ফলে তাদের মধ্যে ভবিষ্যত নেতৃত্বের গুণাবলি তৈরী হচ্ছে। ফলে নিজের কথা তুলে ধরার মাধ্যমে নারীর ক্ষমতায়ন বিষয়টি নিশ্চিত হচ্ছে। যা চূড়ান্তভাবে SDG Goal 5 অর্জনে বাংলাদেশকে অনেকখানি এগিয়ে নিয়ে যাচ্ছে।
- কিশোরী কন্যাদের জন্য একটি নিরাপদ সাইবার জগত তৈরি হচ্ছে
- ওয়েবসাইটটিতে একটি ফিডব্যাক ফর্ম যুক্ত করা হয়েছে, ফলে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবক শিক্ষক শিক্ষয়ত্রী ও স্থানীয় প্রশাসনের মতামত/ পরামর্শ জানার একটি সুযোগ তৈরি হয়েছে।

## <u>কন্যা কথা – অভিযোগ/ মতামত/ পরামর্শ প্রেরণের ফর্ম</u>



অভিযোগ/ পরামর্শ/ মতামত

*প্রয়োজনীয়

নাম *

আপনার উত্তর

বয়স *

আপনার উত্তর

ফোন নাম্বার বা ইমেইল *

আপনার উত্তর

মতামত / অভিযোগ / পরামর্শ *

আপনার উত্তর

CCA
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়

# সুপারিশ/ ভবিষ্যৎ পরিকল্পনা ও চ্যালেঞ্জসমূহ